গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
কল্যাণ-১ শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০০০.০১২.২০.০০০২.২৫-**১৮১**

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

# পরিপত্র

বিষয়ঃ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর অনুকূলে অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত।

হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) আইন, ২০২৩ (২০২৩ সনের ১০ নম্বর আইন) এর অধীন প্রণীত হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ এর বিধি ১০ এর উপ-বিধি (২) (ঘ) ও উপ-বিধি (৩) (গ) অনুযায়ী যথাক্রমে উপজেলা পরিষদ এবং সিটি কর্পোরেশন বা পৌরসভা নিয়ন্ত্রিত হাট ও বাজারের ইজারালব্ধ আয়ের শতকরা ৪ (চার) ভাগ অর্থ বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে ব্যয়ের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত অর্থ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও ব্যয়ের নিমিত্ত "বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীগণের কল্যাণে হাট ও বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২৫" শিরোনামে নীতিমালাটি গত ১৮ নভেম্বর ২০২৫ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। এ নীতিমালায় জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সদস্যদের মাসিক ভাতা বাবদ এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সংশ্লিষ্ট বিবিধ কার্যক্রম বাবদ অর্থ বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। উল্লিখিত নীতিমালার আলোকে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার নিমিত্ত নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

২। **জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সদস্যদের ভাতা বাবদ অর্থ বরাদ্দ:** ২০ নভেম্বর, ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর: ৪৮.০০.০০০০.০০৪.৩৭. ১৯৫.২০১৩-৫৯, তারিখ: ১৮ নভেম্বর, ২০২৪ এর মাধ্যমে গঠিত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) এর বর্তমান সদস্যদের (যারা লাভজনক পদে কর্মরত নন) ভাতা প্রদানের প্রয়োজন হলে এ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা বা মন্ত্রী/প্রতিমন্ত্রী বা উপমন্ত্রীর অনুমোদনক্রমে মহাপরিচালক, জামুকা এর বরাবর account payee চেকের মাধ্যমে মাসিক ভাতা বাবদ অর্থ নিম্নোক্ত শর্তে বরাদ্দ প্রদান করা হবে:

(ক) সদস্য প্রতি মাসিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হারে ভাতা বাবদ অর্থ প্রদান করা যাবে;
(খ) নীতিমালার অনুচ্ছেদ ৭ অনুযায়ী মাসিক ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ বিতরণের সময় ভাতা গ্রহণকারী সদস্যের নিকট হতে তিনি অন্য কোনো লাভজনক পদে কর্মরত নন মর্মে প্রত্যয়ন/অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে;
(গ) মাসিক ভাতা বাবদ প্রদেয় অর্থ কমিটির সদস্যদের অনুকূলে account payee চেকের মাধ্যমে প্রদান করতে হবে;
(ঘ) কোনো ব্যক্তি একাধিক কমিটির সদস্য হলে তিনি কেবল একটি কমিটির সদস্য হিসেবে ভাতা প্রাপ্য হবেন; এবং
(ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে নীতিমালার অনুচ্ছেদ ৭ এর উপ-অনুচ্ছেদ (৫) এর নির্দেশনা অনুসৃত হবে।

৩। **মুক্তিযোদ্ধা সংসদ সংশ্লিষ্ট বিবিধ কার্যক্রম বাবদ অর্থ বরাদ্দ ও ব্যয়:** (১) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের অনুকূলে প্রশাসক, চেয়ারম্যান বা এড-হক কমিটির আহবায়কের চাহিদার প্রেক্ষিতে যৌক্তিক বিবেচিত হলে এ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা বা মন্ত্রী/প্রতিমন্ত্রী বা উপমন্ত্রীর অনুমোদনক্রমে নিম্নেবর্ণিত খাতে অর্থ বরাদ্দ প্রদান করা যাবে:

(ক) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচনের প্রশাসনিক ব্যয়ভার নির্বাহ;
(খ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের কর্মকর্তা বা কর্মচারীদের বকেয়া বেতন-ভাতাদি প্রদান;
(গ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের মগবাজারস্থ ক্যাম্পাসে বিদ্যমান ভবন মেরামত; এবং

(ঘ) কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল পরিচালনার নিমিত্ত গঠিত এড-হক কমিটির সদস্যদের (যাহারা লাভজনক পদে কর্মরত নন) মাসিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হারে মাসিক ভাতা প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় নির্বাহ।

(২) **বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচনের প্রশাসনিক ব্যয়ভার নির্বাহ:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের গঠনতন্ত্র অনুযায়ী কেন্দ্রীয়, মহানগর, জেলা ও উপজেলা কমান্ড কাউন্সিলের নির্বাচন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশন কর্তৃক দাখিলকৃত প্রস্তাবের আলোকে প্রশাসক, চেয়ারম্যান বা এড-হক কমিটির আহবায়ক কর্তৃক প্রদত্ত চাহিদার প্রেক্ষিতে যাচাইপূর্বক যৌক্তিক বিবেচিত হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা বা মন্ত্রী/প্রতিমন্ত্রী বা উপমন্ত্রীর অনুমোদনক্রমে বরাদ্দকৃত অর্থ নিম্নেবর্ণিত শর্তে ব্যয় করা যাবে:

(ক) নির্বাচন কমিশনের অনুকূলে বরাদ্দকৃত অর্থ যথাযথ বিধি-বিধান অনুসরণ করে ব্যয় করতে হবে;
(খ) নির্বাচন কমিশনের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় ও যাচাইয়ের নিমিত্ত একটি উপ-কমিটি গঠন করতে হবে, উক্ত কমিটিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি এবং জামুকা এর একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করতে হবে;
(গ) নির্বাচন কমিশন কর্তৃক যৌক্তিকভাবে ব্যয়িত অর্থের যাবতীয় ব্যয় বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
(ঘ) নির্বাচন পরিচালনার জন্য বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ নির্বাচন শেষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে ফেরত প্রদান করতে হবে; এবং
(ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে নীতিমালার অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৫) এর নির্দেশনা অনুসৃত হবে।

(৩) **বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের কর্মকর্তা বা কর্মচারীদের বকেয়া বেতন-ভাতাদি প্রদান:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া বেতন ভাতাদি পরিশোধের নিমিত্ত প্রশাসক, চেয়ারম্যান বা এড-হক কমিটির আহবায়ক কর্তৃক প্রদত্ত চাহিদার প্রেক্ষিতে যাচাইপূর্বক যৌক্তিক বিবেচিত হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা বা মন্ত্রী/প্রতিমন্ত্রী বা উপমন্ত্রীর অনুমোদনক্রমে বরাদ্দকৃত অর্থ নিম্নেবর্ণিত শর্তে ব্যয় করা যাবে:

(ক) বকেয়া বেতন ও উৎসবভাতাদি বাবদ বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে;
(খ) ডিসেম্বর ২০২২ হতে বকেয়া বেতন-ভাতা দাবিকৃত কর্মকর্তা/কর্মচারীগণ কর্মে নিয়োজিত ছিল কিনা তা যাচাই করতে হবে;
(গ) বর্তমানে কত জন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত আছেন এবং তারা কোথায় কর্মরত আছেন তা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
(ঘ) দাবিকৃত বকেয়া বেতন-ভাতাদির সময়কালে কর্মকর্তা/কর্মচারীগণ অফিসে উপস্থিত ছিলেন কিনা তা নিশ্চিতের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন সম্বলিত হাজিরা বই যাচাই করতে হবে;
(ঙ) দাবিকৃত বকেয়া বেতন-ভাতাদির সময়কালে তারা সরকারি অন্য কোনো খাত হতে বেতন ভাতাদি গ্রহণ করেছেন কি-না তা যাচাই করতে হবে;
(চ) বরাদ্দকৃত অর্থ একাউন্ট পেয়ি (account payee) চেকের মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে প্রদান করতে হবে;
(ছ) বরাদ্দকৃত অর্থ বিতরণ শেষে উপরের দফা (ক) – (চ) পর্যন্ত যাচিত তথ্যাদি সম্বলিত ব্যয় বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
(জ) অব্যয়িত অর্থ (যদি থাকে) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে ফেরত প্রদান করতে হবে; এবং
(ঝ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে নীতিমালার অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৫) এর নির্দেশনা অনুসৃত হবে।

(৪) **বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের মগবাজারস্থ ক্যাম্পাসে বিদ্যমান ভবন মেরামত:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কাউন্সিল/এড-হক কমিটির সদস্যগণ কর্তৃক ব্যবহারের নিমিত্ত ৩৯৩ নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকায় অবস্থিত বিদ্যমান ভবন মেরামত ও সংস্কার কাজের প্রয়োজন হলে গণপূর্ত বিভাগের মাধ্যমে প্রস্তুতকৃত সংস্কার ও মেরামত কাজের প্রাক্কলন অনুযায়ী চাহিদা মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে বরাদ্দকৃত অর্থ প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক নিম্নেবর্ণিত শর্তে ব্যয় করা যাবে:

(ক) গণপূর্ত বিভাগ কর্তৃক অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী সংস্কার ও মেরামত কার্য বাস্তবায়ন করতে হবে;

(খ) ডিপোজিট ওয়ার্ক হিসেবে গণপূর্ত বিভাগ কর্তৃক সংস্কার ও মেরামত কার্য সম্পাদন করতে হবে;

(গ) মেরামত ও সংস্কার কার্যক্রমে অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০২৫ অনুসরণ করতে হবে;

(ঘ) সংস্কার ও মেরামত কাজ তদারকির জন্য কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জামুকা এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে; এবং

(ঙ) সংস্কার ও মেরামত সম্পাদন শেষে ব্যয় বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(৫) **কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল পরিচালনার নিমিত্ত গঠিত এড-হক কমিটির সদস্যদের মাসিক ভাতা:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে নিবন্ধিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (নিবন্ধন নং-০৪/২০০৩) এর কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর স্মারক নম্বর-৪৮.০২.০০০০.০০৩.০২.০০৪.০২-২১১, তারিখ: ২৪ জুন ২০২৫ এর মাধ্যমে গঠিত এড-হক কমিটির সদস্যগণকে ভাতা প্রদানের প্রয়োজন হলে যৌক্তিকতা বিবেচনায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর অনুমোদনক্রমে লাভজনক পদে কর্মরত নন এমন সদস্যদের মাসিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হারে নিম্নেবর্ণিত শর্ত মোতাবেক ভাতা প্রদান করা যাবে:

(ক) সদস্য প্রতি মাসিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হারে ভাতা বাবদ অর্থ প্রদান করা যাবে;

(খ) নীতিমালার অনুচ্ছেদ ৬(ঘ) অনুযায়ী মাসিক ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ বিতরণের সময় ভাতা গ্রহণকারী সদস্যের নিকট হতে তিনি অন্য কোনো লাভজনক পদে কর্মরত নন মর্মে প্রত্যয়ন/অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে;

(গ) মাসিক ভাতা বাবদ প্রদেয় অর্থ কমিটির সদস্যদের অনুকূলে account payee চেকের মাধ্যমে প্রদান করতে হবে;

(ঘ) কোনো ব্যক্তি একাধিক কমিটির সদস্য হলে তিনি কেবল একটি কমিটির সদস্য হিসেবে ভাতা প্রাপ্য হবেন; এবং

(ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে নীতিমালার অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৫) এর নির্দেশনা অনুসৃত হবে।

(৬) বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে উহার দায়-দায়িত্ব প্রশাসক বা চেয়ারম্যান, মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল অথবা আহবায়ক, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল পরিচালনার জন্য গঠিত এড-হক কমিটির উপর বর্তাবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে।

১০/১২/২০২৫

(এ এইচ এম মহসীন রেজা)
সিনিয়র সহকারী সচিব (কল্যাণ-১)
ফোন: ০২-২২৩৩৫৪৬৬৬

স্মারক নং-৪৮.০০.০০০০.০০০.০১২.২০.০০০২.২৫-**১৮১**

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা;
৩। আহবায়ক, মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ৩৯৩ নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। অতিরিক্ত সচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
২। যুগ্মসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৪। উপসচিব (কল্যাণ-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৫। সিস্টেম এনালিষ্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭। সংরক্ষণ কপি।